মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে মাদক বিরোধি অভিযানে ৪৭পিচ ইয়াবাসহ সজীব নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বুধবার দিনগত রাত ২টার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়ক থেকে তাকে আটক করা হয়।

আটক সজীব চুয়াডাঙ্গা জেলার মাখালডাঙ্গা গ্রামের ওমর আলীর ছেলে।

এ বিষয়ে মেহেরপুর ডিবি পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপারের নির্দেশে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে অভিযান চালিয়ে সজীব নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। এসময় তার কাছে থেকে ৪৭ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের মৌন মিছিল

বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদকে নির্মমভাবে হত্যার বিচারের দাবিতে মৌন মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় তেকে মিছিলটি বের করা হয়।

মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সাধারন সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাঈদ বীন রফিক সিজার, সহ-সভাপতি আকিব জাভেদ সেনজির, সহ-সভাপতি তৌফিক এলাহী শাকিল, সোহানুর রহমান সোহাগ, সাজেদুর রহমান বিপ্লব, যুগ্ম সম্পাদক মোল্লা মোঃ নাজমুল ইসলাম সহ ছাত্রদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।
– নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted] [redacted] [redacted] [

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,হাড়াভাঙ্গা মাদ্রাসা বাজারে পারভিনা নামের এক মহিলার লাশ রয়েছে এমন সংবাদ পেয়ে লাশ উদ্ধার করা হয়েছে। হত্যা না আত্মহত্যা এটা সুরতহাল প্রতিবেদন হাতে পাওয়ার পর জানা যাবে।

কাজিপুর ইউপি আওয়ামীলীগের সভাপতি আবু নাতেক জানান, গলায় ওড়না বাধা এক মহিলার লাশ বাজারের একটি দোকনের সামনে রয়েছে সকালে স্থানীয় লোকজনের মাধ্যমে খবর পেয়ে পুলিশকে খবর দেয়া হয়। তবে ঘটনা সম্পর্কে তিনি কিছু বলতে পারেননী।

কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাহ জানান,পারভিনা তার বাড়িতেই থাকবো। কখন কিভাবে তার মৃত্যু হয়েছে তিনি জানেননা।
পারভিনার চাচাতো ভাই নবী উদ্দীন জানান,পারভিনা খাতুন গত দু বছর আগে মাথায় সমস্যা হয়। পারভিনার বিয়ে হয়েছিলো পার্শবর্তী বালিয়াঘাট গ্রামের জুলহাসের সাথে। পরে সেখানে দুজনের মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটে।

– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মানসিক প্রতিবন্ধীকে ধর্ষণের অভিযোগে একজন আটক

মেহেরপুরের গাংনীতে মানসিক প্রতিবন্ধী এক মহিলাকে ধর্ষণ করার অভিযোগে খবির নামের এক লম্পটকে গ্রেফতার করেছে পুলিশ।
বুধবার সন্ধ্যায় উপজেলার হিন্দা গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। লম্পট খবির হিন্দা গ্রামের পশ্চিম পাড়ার চায়েন উদ্দীনের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, মানষিক প্রতিবন্ধী এক মহিলাকে ধর্ষণ করার অভিযোগে খবির নামের এক লম্পটকে গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় ঐ প্রতিবন্ধীর ভাবি খবির উদ্দীনের বিরুদ্ধে

ধর্ষনের মামলা দায়ের করেছে যার নং ১০। তাং ১০-১০-১৯ ইং।

প্রতিবন্ধীর ভাবি জানান, ধর্ষণের কারণে তার প্রতিবন্ধী ননদ গর্ভবতী হয়ে পড়েছে। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ০৭-০৬-১৯ ইং তারিখে প্রতিবন্ধীর বাড়ির পার্শে একটি পাট ক্ষেতে নিয়ে তাকে জোর পূর্বক ধর্ষণ করে লম্পট খবির। এরপর গর্ভবতী হয়ে পড়ে সে।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আলী রেজা জানান, ভিকটিমের ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে। এছাড়া ধর্ষণ মামলার আসামী খবিরকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

– নিজস্ব প্রতিনিধি

কুষ্টিয়ায় এলাকাবাসীর প্রতিবাদের মুখে বুয়েট ভিসি, পুলিশের সাথে সংঘর্ষ আহত-৫

কুষ্টিয়ার কুমারখালীর রায়ডাঙ্গায় আবরার ফাহাদের কবর জিয়ারত করেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। বুধবার (০৯ অক্টোবর) বিকেল ৫টার দিকে কুমারখালীর রায়ডাঙ্গায় ফাহাদের বাড়িতে পৌঁছায় বুয়েটের ভিসি। বাড়িতে প্রবেশ কালে উপস্থিত এলাকার মানুষ জন বিক্ষোভ প্রদর্শন করেন। আবরার ফাহাদের কবর জিয়ারত করতে গিয়ে গ্রামবাসীর বাধার মুখে পড়েছেন বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। এ সময় গ্রামবাসীকে সরাতে গেলে পুলিশের সঙ্গে সংঘর্ষ বেঁধে যায়। এতে আবরারের ছোট ভাই আবরার ফায়াজ সহ পাঁচজন আহত হয়েছেন। বুধবার বিকেল সাড়ে চারটার দিকে কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় রায়ডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে। গ্রাম বাসীর অবস্থা বেগতিক দেখে বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলামকে পাহারা দিয়ে নিরাপদে সরিয়ে নেয় পুলিশ।
ওই বাড়িতে পৌঁছার পর ভিসি, ফাহাদের দাদা আব্দুল গফুর ও বাবা

বরকত উল্লাহর সঙ্গে কবর স্থানে যান এবং জিয়ারত করেন।
তবে বুয়েট উপাচার্য রায়ডাঙ্গায় মাত্র ১৫ মিনিটের মতো অবস্থান করেন । পরে এলাকা বাসীর তোপের মুখে দ্রুত স্থান ত্যাগ করতে বাধ্য হন।
ভিসির উপস্থিতিতে বিক্ষুব্ধ জনতাকে ফাহাদের খুনিদের ফাঁসির দাবিতে বিভিন্ন ধরনের স্লোগান দিতে দেখা গেছে।
এর আগে তার পরিবারের সঙ্গে দেখা করার জন্য বিকেল তিনটার দিতে কুষ্টিয়া সার্কিট হাউসে পৌঁছান ভিসি। সেখান থেকে কুমারখালী উপজেলায় রায়ডাঙ্গা গ্রামে যান ভিসি সাইফুল ইসলাম।
এদিকে ভিসি আসছে সে খবরে আগে থেকেই ওই এলাকায় অবস্থাান নেয় আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। বাড়ানো হয় নিরাপত্তা ব্যবস্থা।
৬ অক্টোবর (রোববার) রাতে বুয়েটের দ্বিতীয় বর্ষের ছাত্র আবরার ফাহাদকে ডেকে নিয়ে যায় ছাত্রলীগের একদল নেতা-কর্মী। এরপর তাকে শেরে বাংলা হলের ২০১১ নম্বর কক্ষে পিটিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় বুধবার পর্যন্ত ১৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে। সবাইকে আদালতের মাধ্যমে ৫ দিনের রিমান্ডে নেওয়া হয়েছে।
প্রত্যক্ষ দর্শীরা জানায়, আবরার ফাহাদের পরিবারের সঙ্গে দেখা এবং আবরারের কবর জিয়ারত করতে বিকেল সোয়া চারটার দিকে উপজেলার রায়ডাঙ্গা গ্রামে আসেন বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। বিকেল সাড়ে চারটার দিকে ভিসির গাড়িবহর আবরারের কবরের উদ্দেশ্যে যাওয়ার পথে গ্রামবাসীর বাধার মুখে পড়ে। এ সময় গ্রামবাসীর বাধা সরিয়ে ভিসিকে সামনের দিকে নিয়ে যেতে চাইলে পুলিশের সঙ্গে গ্রামবাসীর সংঘর্ষ হয়। এতে আবরারের ছোট ভাই আবরার ফায়াজ সহ পাঁচজন আহত হয়।
এ দিকে, অবস্থাা বেগতিক দেখে পেছনের দিকে সরে যায় পুলিশ ও ভিসির গাড়ি বহর। সেই সঙ্গে পুলিশি পাহারায় ভিসিকে ওই গ্রাম থেকে বের করে নিয়ে আসা হয়। পরে পুলিশের গাড়ি ও ভিসির গাড়ি বহর শহরের দিকে চলে যায়।

কুষ্টিয়া প্রতিনিধি:

মেহেরপুর এস কে এস ফাউন্ডেশনের ডেঙ্গু রোগ পরীক্ষার কিটস বিতরণ

মেহেরপুর এসকেএস ফাউন্ডেশনের উদ্যোগে ওয়াটার এইড‘র সহযোগিতায় ডেঙ্গু রোগ পরীক্ষার কিটস বিতরণ করা হয়। বুধবার দুপুরের দিকে সিভিল সার্জন অফিস মিলনায়তনে এই কিটস বিতরণ করা হয়।
মেহেরপুর সিভিল সার্জন ডা. শামীম আরা নাজনীন গ্রহণ করেন। মেহেরপুর জেলার ৩টি উপজেলার জন্য ৫০০ টি কিটস এসকেএস ফাউন্ডেশনের পক্ষ থেকে দেওয়া হয়। এতে করে ৫০০ ডেঙ্গু রোগীর পরীক্ষা করা যাবে। এস কে এস ফাউন্ডেশনের সমন্বয়কারী মিজানুর রহমান ডা. শামীম আরা নাজনিন এর হাতে এ সমস্ত কিটস তুলে দেন।
এ সময় সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রেজওয়ানুল আহমেদ, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মাহবুবুর রহমান, এস কে এস এর সহকারী প্রকল্প সমন্বয়কারী এনামুল হক, শারমিন বেগম প্রমুখ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস উপলক্ষে প্রস্তুতি সভা

আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস উপলক্ষে মেহেরপুরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে। বুধবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রস্তুতি সভায় আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস উপলক্ষে র্যালী, দূর্যোগ

প্রশমন বিষয়ে আলোচনা, দূর্যোগ পূর্ব প্রস্তুতি মহড়া, চিত্রাংকন প্রতিযোগিতা ছাড়াও প্রধান মন্ত্রীর ভিডিও কনফারেন্স ও ভিডিও কনফারেন্স নিয়ে আলোচনা।
জেলা প্রশাসক মোঃ আতাউল গনি সভাপতিত্বে প্রস্তুতি সভায় অন্যদের মাধ্যে সিভিল সার্জন শামিম আরা নাজনীন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জাকির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইবাদত হোসেন, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. জাহাঙ্গীর আলম, মৎস্য কর্মকর্তা সায়ফুদ্দীন ইয়াহিয়া, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাহিদা ইসলাম প্রমুখ, জেলা প্রেস ক্লাবের সহসভাপতি মাহাবুব চান্দু প্রমুখ বক্তব্য রাখেন।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরে ৩ দিনের প্রীতি টেষ্ট ম্যাচে স্বাগতিকরা জয়ী

মেহেরপুর মমতা ক্রিকেট একাডেমীর উদ্যোগে মেহেরপুর সরকারী কলেজ মাঠে অনুষ্ঠিত ৩ দিনের প্রীতি টেষ্ট ম্যাচে স্বাগতিক মেহেরপুর মমতা ক্রিকেট একাডেমী জয়লাভ করেছে।
মঙ্গলবার শেষ দিনে মেহেরপুর মমতা ক্রিকেট একাডেমী অতিথি দল ঢাকা একাদশ কে ২৬৪ রানের টার্গেট দেয়।
মমতা ক্রিকেট একাডেমীর আলিফের বিধ্বংসী বোলিং এ ঢাকা একাদশ ১০৭ রানে সবাই আউট হয়ে যায়। মেহেরপুর মমতা ক্রিকেট একাডেমীর ১৫৭ রানের বিশাল ব্যবধানে জয়লাভ করে।
এর আগে মমতা ক্রিকেট একাডেমী তাদের ১ম ইনিংসে ১৮৯ এবং ২য় ইনিংসে এ ১৭৯ রান করে সবাই আউট হয়ে যায়। ঢাকা একাদশ ১ম ইনিংসে এ ৯৭ ও ২য় ইনিংসে এ ১০৭ রান করে। আলিফ ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হন।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুর জেলা প্রশাসকের সাপ্তাহিক গণ শুনানী

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সাপ্তাহিক গণ শুনানী অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে জেলা প্রশাসকের কক্ষে সাপ্তাহিক এ গণ শুনানী অনুষ্ঠিত হয়। এ দিন সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন এলাকার সকল শ্রেনী পেশার মানুষের নানা ধরনের সমস্যা নিয়ে কথা জেলা প্রশাসকের কাছে তুলে ধরেন।
জেলা প্রশাসক মোঃ আতাউল গনি তাদের কথা শোনেন এবং তাদের সমস্যা সমাধানের আশ্বাস দেন। এ সময় জেলা প্রশাসক কয়েক জনকে আর্থিক ভাবে সাহায্য করেন।

নিজস্ব প্রতিনিধি: